# বাফুফে সভাপতির বিবৃতি – জুলাই, ২০১৯

শুভেচ্ছা!

### বিশ্বকাপ বাছাইয়ের দ্বিতীয় পর্বের ই গ্রুপে বাংলাদেশ

গত ১৭ জুলাই মালেশিয়ার রাজধানী কুয়ালালামপুরে অনুষ্ঠিত হয় ফিফা বিশ্বকাপ ২০২২ এবং এএফসি এশিয়ান কাপ এর যৌথ বাছাইয়ের দ্বিতীয় পর্বের ড্র।

উক্ত ড্র এর ফলাফল অনুযায়ী, গ্রুপ ই-তে ওমান, ভারত, আফগানিস্তান এবং বিশ্বকাপ আয়োজক কাতারের বিপক্ষে খেলবে বাংলাদেশ।

এই বাছাইয়ের জন্য এক গ্রুপে পাঁচটি দল করে মোট আটটি গ্রুপে ভাগ করা হয়েছে এএফসির সেরা ৪০ সদস্য দেশকে। এ বছরের ৫ সেপ্টেম্বর থেকে রাউন্ড রবিন পদ্ধতিতে এই পর্বের খেলা চলবে আগামী বছরের ৯ জুন পর্যন্ত।

বাংলাদেশ তাদের বিশ্বকাপ মিশন শুরু করবে আগামী ১০ সেপ্টেম্বর আফগানিস্তানের বিপক্ষে অ্যাওয়ে ম্যাচ দিয়ে।

উল্লেখ্য, বিশ্বকাপ প্রাক-বাছাইয়ে লাওসকে ১-০ গোলে হারিয়ে দ্বিতীয় বাছাই পর্বের টিকেট নিশ্চিত করে বাংলাদেশ।

### ফিফা র্যাং কিংয়ে একধাপ এগুলো বাংলাদেশ

এই জুলাইয়ে একধাপ উপরে উঠে বাংলাদেশ এখন ফিফা র্যাং কিং এর ১৮২ তম অবস্থানে আছে। মাত্র একমাস আগেই পাঁচ ধাপ এগিয়ে ১৮৮ তম অবস্থান থেকে ১৮৩ তম স্থানে উঠে এসেছিল দলটি।

এর আগে, গত এপ্রিলে লাল সবুজ দল চার ধাপ এগিয়ে ১৯২ তম অবস্থান থেকে ১৮৮ তম অবস্থানে উঠে এসেছিল।

বাফুফে আশা করে আগামী দিনগুলোতেও দেশের ফুটবলের এই অগ্রগতি অব্যাহত থাকবে। বিশেষ করে আসন্ন ফিফা-এএফসি যৌথ বাছাইয়ে জাতীয় দল নিজেদের পূর্বেকার সব অর্জন ও প্রাপ্তিকে ছাড়িয়ে যাওয়ার মতো ফুটবল খেলবে, এই প্রত্যাশা আমাদের সবার।

### বাফুফে'র এএফসি এ লেভেল সদস্যপদ প্রাপ্তি

গত ১ জুলাই এশিয়ান ফুটবল কনফেডারেশনস (এএফসি) বাংলাদেশকে এ লেভেল সদস্যপদ দিয়েছে। আমরা মনে করি, বাফুফের এই প্রাপ্তি প্রতিষ্ঠানটির ইতিহাসে অনন্য একটি মাইলফলক। এএফসির কাছ থেকে প্রাপ্ত এই স্বীকৃতি মূলত দেশের কোচিং শিক্ষাকে সর্বোচ্চ মানে উন্নীত করার ক্ষেত্রে আমাদের অব্যাহত প্রচেষ্টাকেই তুলে ধরছে।

গত ১৮ জুলাই বাফুফেকে পাঠানো এক চিঠিতে এএফসি মহাসচিব দাতো উইন্ডসর জন বলেন–এই ঘোষণার মাধ্যমে বাফুফেকে নিয়মিত এএফসি এ ও বি কোচিং কোর্সগুলো আয়োজনের অধিকার প্রদান করা হল। একই সাথে এএফসি কোচিং কনভেনশনের সাথে সঙ্গতিপূর্ণ ডিপ্লোমা এবং লাইসেন্স প্রদানেরও অনুমতি দেয়া হল।

### শেষ হলো বাফুফে এএফসি বি সার্টিফিকেট কোচিং কোর্স ২০১৯

বাফুফে এএফসি বি সার্টিফিকেট কোচিং কোর্স ২০১৯ এর দ্বিতীয় পর্ব সফলভাবে শেষ হয়েছে। নয়দিন ব্যাপী এই কোর্স গত ২১ জুলাই শুরু হয়ে কোচদেরকে ফুটবলের বিভিন্ন দিক শিক্ষাদান শেষে ২৯ জুলাই সমাপ্ত হয়।

সবসময়ের মতো এবারও ন্যাশনাল টেকনিক্যাল এন্ড স্ট্র্যাটেজিক ডিরেক্টর পল থমাস স্মলি কোর্সটি পরিচালনা করেন। অংশগ্রহণকারী স্থানীয় ও বিদেশী কোচদের মধ্যে ছিলেন জাতীয় দলের বেশ কয়েকজন সাবেক খেলোয়াড়, স্থানীয় বিভিন্ন ক্লাবের বর্তমান কোচ এবং স্বনামধন্য ক্রীড়া ব্যক্তিত্বগণ।

কোর্স শেষে একটি পরীক্ষার মাধ্যমে অংশগ্রহণকারী কোচদের শিখনীকে মূল্যায়ন করা হয়েছে এবং যোগ্যতা অনুসারে তাঁদেরকে সনদপত্র প্রদান করা হয়েছে।

**সি সার্টিফিকেট কোচিং কোর্স সমাপ্ত**

গত ১০ জুলাই শেষ হলো বাফুফে এএফসি সি সার্টিফিকেট কোচিং কোর্স ২০১৯। মোট ২৩ জন কোচের অংশগ্রহণে ১৪ দিন ব্যাপী এই কোর্সটি শুরু হয়েছিলো গত ২৮ জুন।

অংশগ্রহণকারীদের মধ্যে স্থানীয় কোচ ছাড়াও ভারতীয় কয়েকজন কোচ ছিলেন।

ন্যাশনাল টেকনিক্যাল এন্ড স্ট্র্যাটেজিক ডিরেক্টর পল থমাস স্মলির অধীনে দুই সপ্তাহব্যাপী তত্ত্বীয় ও ব্যবহারিক প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীগণ তাঁদের কোচিং সনদ গ্রহণ করেন।

**এএফসির নারী ফুটবল কমিটির প্রধান হলেন কিরন**

বাফুফে নারী ফুটবল কমিটির চেয়ারম্যান মাহফুজা আক্তার কিরন সম্প্রতি এশিয়ান ফুটবল কনফেডারেশনস (এএফসি) এর নবগঠিত নারী ফুটবল কমিটির চেয়ারপার্সন হিসেবে নিযুক্ত হয়েছেন।

মহাদেশীয় ফুটবলের সর্বোচ্চ সংস্থাটির কাছ থেকে গত ১৯ জুলাই এ সংক্রান্ত একটি চিঠি পায় বাফুফে।

উক্ত চিঠি অনুযায়ী, আগামী ২০২৩ সাল পর্যন্ত কিরন এএফসির নারী ফুটবল কমিটির প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন।

নারী ফুটবলের সর্বোচ্চ পর্যায়ে কিরনের এই নিয়োগপ্রাপ্তিতে আমরা তাঁকে আন্তরিক অভিনন্দন জানাই এবং আগামী দিনগুলোতে তাঁর উত্তরোত্তর সাফল্য কামনা করি।

**বাফুফে ইউনিসেফ অ-১৬ নারী চ্যাম্পিয়নশিপ জিতলো লালমনিরহাট**

গত ২৭ জুলাই বাফুফে ইউনিসেফ অ-১৬ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০১৯ এর ফাইনালে মাগুরাকে ৪-০ গোলে উড়িয়ে দিয়ে প্রথমবারের মতো অনুষ্ঠিত এই টুর্নামেন্টের শিরোপা জিতলো লালমনিরহাট।

প্রাইজমানি হিসেবে চ্যাম্পিয়ন দলকে দেয়া হয় ৫০,০০০ টাকা এবং রানার্সআপ দল পায় ২৫,০০০ টাকা।

১৬ গোল করে আসরের সর্বোচ্চ গোলদাতার পুরস্কার গোল্ডেন বুট হিসেবে জিতে নেয় লালমনিরহাটের লিভা আক্তার। এছাড়া, একই দলের মুনকি আক্তারকে আসরের সেরা খেলোয়াড়ের পুরস্কার হিসেবে দেয়া হয় গোল্ডেন বল।

রাঙামাটি দল তাদের সুন্দর ও পরিচ্ছন্ন খেলার পুরস্কারস্বরূপ পায় ফেয়ার প্লে অ্যাওয়ার্ড।

**জেএফএ চ্যাম্পিয়নশিপের শিরোপা রংপুরের**

গত ১৯ জুলাই অনুষ্ঠিত ফাইনালে ময়মনসিংহ জেলাকে টাইব্রেকারে ৪-২ গোলে পরাজিত করে জেএফএ অ-১৪ নারী চ্যাম্পিয়নশিপের শিরোপা জিতে নিল রংপুরের মেয়েরা।

ম্যাচ শেষে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান আব্দুল্লাহ আল ইসলাম জ্যাকব, এমপি, ও বাফুফে নারী ফুটবল কমিটির চেয়ারম্যান মাহফুজা আক্তার কিরণ চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলের হাতে শিরোপা তুলে দেন।

প্রাইজমানি হিসেবে চ্যাম্পিয়ন দলকে দেয়া হয় ৫০,০০০ টাকা এবং রানার্সআপ দলকে দেয়া হয় ২৫,০০০ টাকা।

ফেয়ার প্লে ট্রফি জয়ী হয় মাগুরা জেলা।

আট গোল করে আসরের সর্বোচ্চ গোলদাতা হিসেবে গোল্ডেন বুট জিতে রংপুরের শামীমা আখতার শিলা। এছাড়া, একই দলের ফাতেমাকে আসরের সেরা খেলোয়াড়ের পুরষ্কার গোল্ডেন বল দেয়া হয়।

**এএফসি কাপ সেমিফাইনালঃ আবাহনীর প্রতিপক্ষ উত্তর কোরিয়ার এপ্রিল টোয়েন্টিফাইভ (April 25 SC)**

এএফসি কাপ ২০১৯ এর ইন্টার জোন প্লে অফ সেমিফাইনালের ড্র অনুযায়ী বাংলাদেশের একমাত্র প্রতিনিধি ঢাকা আবাহনী লিঃ উত্তর কোরিয়ার এপ্রিল টোয়েন্টিফাইভ এসসি’র বিপক্ষে দু’টি ম্যাচ খেলবে।

গত ২ জুলাই মালেশিয়ার কুয়ালালামপুরে অবস্থিত এএফসির প্রধান কার্যালয়ে এই ড্র অনুষ্ঠিত হয়।

আগামী ২১ আগস্ট ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে আবাহনী তাদের হোম ম্যাচ খেলবে। আর এক সপ্তাহ পর ২৮ তারিখ পিয়ং ইয়ং এ অনুষ্ঠিত হবে তাদের অ্যাওয়ে ম্যাচ।

**অ-১৭/১৮ টুর্নামেন্টে শেষ হবে দেশীয় ফুটবলের চলতি মৌসুম**

দেশীয় ফুটবলের চলতি মৌসুম অর্থাৎ ২০১৮-১৯ মৌসুমের সমাপ্তি ঘটবে একটি অ-১৭/১৮ টুর্নামেন্টের মাধ্যমে।

বাংলাদেশ প্রিমিয়ার লিগ ও বাংলাদেশ চ্যাম্পিয়নশিপ লিগে অংশগ্রহণকারী ক্লাবগুলোর বয়সভিত্তিক দলগুলোকে নিয়ে আগামী অগাস্টx বা সেপ্টেম্বরে অনুষ্ঠিত হবে এই টুর্নামেন্ট।

**বিপিএল, বিসিএলের অ-১৮ ফুটবলারদের জন্য বাফুফের ট্রায়াল**

বাফুফে ফরটিস একাডেমিতে প্রশিক্ষণে থাকা নবীন ফুটবলাররা আসন্ন সাফ অ-১৮ চ্যাম্পিয়নশিপ এবং এএফসি অ১-৯ চ্যাম্পিয়নশিপ ২০২০ এর বাছাইয়ে অংশগ্রহণ করবে।

সাফ অ-১৮ চ্যাম্পিয়নশিপের এবারের আসর অনুষ্ঠিত হবে নেপালে। অন্যদিকে, এএফসি অ-১৯ চ্যাম্পিয়নশিপ ২০২০ এর বাছাইপর্ব অনুষ্ঠিত হবে বাহরাইনে।

আসন্ন এই দুই বড় প্রতিযোগিতাকে সামনে রেখে আরো কিছু তরুণ, প্রতিভাবান ফুটবলারকে একাডেমির প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করতে চায় বাফুফে।

এই লক্ষ্যে, বিপিএল ও বিসিএলে অংশগ্রহণকারী অ-১৮ খেলোয়াড়দের জন্য দুটি ট্রায়ালের আয়োজন করে বাফুফে। ১ জানুয়ারি, ২০০১ এর পর জন্মগ্রহণকারী খেলোয়াড়গণই শুধু এই দুই ট্রায়ালে অংশগ্রহণ করার সুযোগ পায়।

বিসিএলের অ-১৮ খেলোয়াড়গণ ট্রায়ালে অংশগ্রহণ করে গত ১২ জুলাই। অন্যদিকে বিপিএলের খেলোয়াড়দের ট্রায়াল অনুষ্ঠিত হয় ১৭ জুলাই।

**সেপ্টেম্বরে শুরু হচ্ছে সিনিয়র ডিভিশন ফুটবল**

আগামী সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে শুরু হবে ঢাকা মহানগর ফুটবল লীগ কমিটি কর্তৃক আয়োজিত সিনিয়র ডিভিশন ফুটবল লীগ ২০১৮-১৯।

উক্ত টুর্নামেন্টকে সামনে রেখে খেলোয়াড়রা দলবদলের জন্য আগস্টের ১৬ থেকে ২১ তারিখ পর্যন্ত মোট ছয় দিন সময় পাবে।

টুর্নামেন্টের এই আসরে মোট ১৩টি দল অংশগ্রহণ করবে।

**আসন্ন প্রতিযোগিতার জন্য তৈরি হচ্ছে নারী দল**

আসন্ন বেশ কয়েকটি প্রতিযোগিতাকে সামনে রেখে বাফুফে এলিট নারী আবাসিক ক্যাম্পে নারী দলের খেলোয়াড়েরা নিয়মিত অনুশীলনের মাধ্যমে নিজেদের দক্ষতা ঝালিয়ে নিচ্ছে।

বর্তমানে বিভিন্ন বয়সভিত্তিক দলের খেলোয়াড় মিলিয়ে মোট ৫৫ জন খেলোয়াড় এই ক্যাম্পে অনুশীলন চালিয়ে যাচ্ছে। এদের মধ্যে সম্প্রতি শেষ হওয়া জেএফএ অ১৪ চ্যাম্পিয়নশিপ থেকে বাছাই করা পাঁচজন খেলোয়াড়ও রয়েছে।

আসন্ন টুর্নামেন্টগুলোকে সামনে রেখে মেয়েরা প্রতিদিনই তাদের পারফর্মেন্সের উন্নতির প্রতি বিশেষ নজর দিচ্ছে।

এই টুর্নামেন্টগুলোর মধ্যে সবার আগে আছে আগামী ১৫-২৮ সেপ্টেম্বর থাইল্যান্ডে অনুষ্ঠিতব্য এএফসি অ১৬ নারী চ্যাম্পিয়নশিপ। এই প্রতিযোগিতাটিকে স্বতন্ত্র একটি টুর্নামেন্টের পাশাপাশি আগামী বছর ভারতে অনুষ্ঠিতব্য ফিফা অ১৭ নারী বিশ্বকাপের এশিয়ান বাছাই হিসেবেও গণ্য করা হচ্ছে।

মহাদেশীয় চ্যাম্পিয়ন হওয়ার এই দৌড়ে লাল সবুজ মেয়েরা এশিয়ার সাতটি নারী দলের বিপক্ষে খেলায় অংশ নিবে।

এছাড়াও, চলতি বছরের ডিসেম্বরে নেপালে অনুষ্ঠিতব্য এসএ গেমসে খেলতে যাওয়ার আগে অক্টোবরে অ১৫ মেয়েরা সাফ চ্যাম্পিয়নশিপে অংশগ্রহন করবে।

**বাফুফে ফরটিস একাডেমিতে পুরোদমে চলছে ফুটবলার তৈরির কাজ**

বাফুফে ফরটিস একাডেমির আবাসিক ক্যাম্পে পুরোদমে এগিয়ে চলছে অ১৫ ও অ১৮ ছেলেদের প্রতিভা ও দক্ষতাকে শানিত করার কাজ।

তিনজন ব্রিটিশ কোচ ও সাতজন স্থানীয় কোচ একসাথে এই নবীন প্রতিভাদের ভেতর থেকে তাদের সেরাটা বের করে আনার জন্য বিরামহীন কাজ করে যাচ্ছেন।

এখন পর্যন্ত মোট ২৭ জন অ১৫ এবং ৩৩ জন অ১৮ ফুটবলারকে একাডেমির ক্যাম্পের অধীনে আছে। এদের মধ্যে ২০ জন অ১৮ খেলোয়াড় বাংলাদেশ প্রিমিয়ার লীগের চলতি আসরে অংশগ্রহণকারী খেলোয়াড় হওয়ায় তারা এই মুহূর্তে সংশ্লিষ্ট ক্লাবের সাথে আছে। লীগ শেষ হওয়ার পর শীঘ্রই তারা একাডেমির ক্যাম্পে এসে যোগ দেবে।

গত জুনে তিনজন ব্রিটিশ কোচ একাডেমিতে যোগদান করেন। তখন থেকেই তাঁরা স্থানীয় কোচদেরকে সাথে নিয়ে প্রয়োজনীয় সবধরণের প্রযুক্তির সাহায্যে ছেলেদেরকে আধুনিক ফুটবলের নানাদিক শিক্ষাদানের মাধ্যমে তাদের প্রতিভার যথাযথ পরিস্ফুটনের জন্য কাজ করে যাচ্ছেন। একই সাথে কোচগণ তাঁদের কিশোর শিষ্যদলকে আসন্ন যে কোনো প্রতিযোগিতায় খেলার ব্যাপারেও মানসিকভাবে প্রস্তুত রাখছেন।

**ব্রাজিলে প্রশিক্ষণ শেষে দেশে ফিরেছেন চার তরুণ ফুটবলার**

নান্দনিক ফুটবলের দেশ ব্রাজিল থেকে বিভিন্ন আধুনিক কলাকৌশলের ওপর একমাসের উন্নত প্রশিক্ষণ শেষে সম্প্রতি দেশে ফিরেছেন চার তরুণ ফুটবলার।

এই চারজন ফুটবলার হলেন – ডিফেন্ডার নাজমুল হোসেন আকন্দ, মিডফিল্ডার ওমর ফারুক মিঠু ও মোঃ লতিফুর রহমান নাহিদ এবং ফরওয়ার্ড জোগেন লাক্রা।

গত ২৬ জুন তাঁরা ব্রাজিলের উদ্দেশ্যে বাংলাদেশ ত্যাগ করেন এবং প্রশিক্ষণ শেষে ২৭ জুলাই দেশে ফিরে আসেন।

গত ত্রিশ দিনে তাঁরা ব্রাজিলিয়ান ক্লাব সোসিয়েদাদে এস্পোর্তিভা দো গামাতে অবস্থান করে আধুনিক ও নান্দনিক ফুটবলের বিভিন্ন দিক সম্পর্কে প্রশিক্ষণ লাভ করেন। সেই সাথে তাঁরা ক্লাবটির পক্ষ থেকে একটি অ১৭ টুর্নামেন্টেও অংশগ্রহণ করেন।

এই চার নবীন ফুটবলার তাদের ক্লাবকে ফাইনালে তোলার ক্ষেত্রে যথেষ্ট অবদান রাখেন। এমনকি ফাইনালে গ্রেভাল ক্লাবের বিপক্ষে ২-১ গোলের ব্যবধানে জয় আনার মধ্য দিয়ে তাদের ক্লাবকে টুর্নামেন্টটির শিরোপা অর্জনেও দারুণ ভূমিকা পালন করেন।

ক্লাবের পক্ষে তিন ম্যাচে মাঠে নেমে মোট দুই গোল করেন মিডফিল্ডার ওমর ফারুক মিঠু। তাঁর এই দুই গোলের একটি আসে ফাইনালে তার দলের প্রথম গোল হিসেবে।

অনন্যসাধারণ এই নৈপুন্য প্রদর্শনের মিঠুকে দেয়া হয় ম্যন অফ দ্য ফাইনাল পুরষ্কার।